গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হিজলা,বরিশাল।
www.hizla.barisal.gov.bd

তারিখ : ১৪ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ
২৮ জানুয়ারি ২০২০ খ্রি.

স্মারক নং-

## জনশুমারি ও গৃহগণনা ২০২১ এ তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর লিস্টিং অপারেশন এ খানাতালিকা প্রণয়নে 'তালিকারী/গণনাকারী ও সুপারভাইজার' পদে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র হিজলা উপজেলায় বসবাসকরী বেকার নারী/পুরুষ এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে নির্ধারিত ফরমে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র.নং | পদের নাম | প্রাপ্য ভাতাদি (টাকা) | প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ০১) | সুপারভাইজার | প্রশিক্ষণ: ৪০০/= (প্রতিদিন) পারিতোষিক: ৮৫০০/=(ভ্যাটসহ) | ১)নূন্যতম স্নাতক পাস হতে হবে।<br>২)নিজস্ব স্মার্টফোন থাকতে হবে ও চালনায় দক্ষ হতে হবে।<br>৩)স্মার্টফোন এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে।<br>৪)স্মার্টফোন স্ক্রীন সাইজ নূন্যতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে।<br>৫)০১/০১/২০২০ তারিখে বয়স ২৩-৪০ বৎসরের মধ্যে হতে হবে।<br>৬)সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে।<br>৭)উপর্যুক্ত শর্তাবলী পূরণসাপেক্ষে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০২) | তালিকাকারী/ গণনাকারী | প্রশিক্ষণ: ৪০০/= (প্রতিদিন) পারিতোষিক: ৮০০০/=(ভ্যাটসহ) | ১)নূন্যতম এইচ.এস.সি/সমমান পাস হতে হবে।<br>২)নিজস্ব স্মার্টফোন থাকতে হবে ও চালনায় দক্ষ হতে হবে।<br>৩)স্মার্টফোন এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে।<br>৪)স্মার্টফোন স্ক্রীন সাইজ নূন্যতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে।<br>৫)০১/০১/২০২০ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে।<br>৬)সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে।<br>৭)উপর্যুক্ত শর্তাবলী পূরণসাপেক্ষে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে। |

বি:দ্র: উল্লিখিত হার প্রকল্পের বর্তমান ডিপিপি'র বর্ণনা মোতাবেক। তবে ডিপিপি সংশোধিত হলে, জাতীয় স্বার্থে প্রয়োজন দেখা দিলে কিংবা নতুন বিধিমালা জারি বা এধরনের ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে উক্ত হার পরিবর্তিত হতে পারে। তালিকাকারী ও সুপারভাইজার এর পারিশ্রমিক মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করা হবে।

**শর্তাবলী:**

১)নির্ধারিত আবেদন ফরম www.hizla.barisal.gov.bd এবং www.bbs.hizla.barisal.gov.bd থেকে ডাউনলোড করা যাবে।

২)লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০ মাসে) কার্যক্রমের সময় মোট ১০ (দশ) দিন। প্রতি তালিকাকারী উক্ত ১০(দশ) দিনে কম-বেশি ৪০০ (চারশত)খানার তালিকা করবেন।

৩)লিস্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহার পূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্ট ফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থী গণই আবেদন করতে পারবেন।

৪)কেবলমাত্র বেকার যুবক/যুবতীরা শুমারিকর্মী হিসেবে আবেদন করতে পারবেন। চাকরিরত কোন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।

৫)প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায়(প্রযোজ্য ক্ষেত্রে) অংশ গ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

৬)লিস্টিং অপারেশন সময়ে প্রার্থী নিজেকে অন্য কোন কর্মে নিযুক্ত করতে পারবেন না।

৭)নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।

৮)লিস্টিং অপারেশনে নিয়োজিত তালিকাকারী ও সুপারভাইজারগণের কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতীয়মান হলে তারা মূল শুমারিতে ও গণনাকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।

৯) সকল পদের দরখাস্তের খামের উপর ডানপার্শ্বে পদের নাম,নিজ ইউনিয়ন এবং মৌজার নাম উল্লেখপূর্বক আগামী ০৪/০২/২০২০খ্রি. তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান কার্যালয়,হিজলা এর নির্দিষ্ট বক্সে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে।

**১০)০৪/০২/২০২০ খ্রি. তারিখের মধ্যে যথানিয়মে আবেদনপত্র দাখিলেকারীগণের বাছাই পরীক্ষা নিম্নোক্ত তারিখে সকাল ৯:০০ ঘটিকায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ,হিজলা,বরিশাল এ অনুষ্ঠিত হবে।**

**১১)বাছাই পরীক্ষার তারিখ: বড়জালিয়া,ধুলখোলা ০৫/০২/২০২০খ্রি. তারিখ, মেমানিয়া,হরিনাথপুর ০৮/০২/২০২০খ্রি. তারিখ, হিজলা গৌরবদি,গুয়াবাড়িয়া ১০/০২/২০২০খ্রি. তারিখ।**

১২)লিস্টিং অপারেশনের জন্য নির্বাচিতদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,হিজলা ও উপজেলা পরিসংখ্যান অফিস হিজলা এর নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

১৩)নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়েগ তাৎক্ষণিক বাতিল হয়ে যাবে।

১৪)নিয়োগ সংক্রান্ত বিষয়ে এত দুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৮/১/2020

( মো: আমিনুল ইসলাম )
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর
তালিকাকারী/ গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি
হিজলা,বরিশাল।

ক্রমিক নং ____________
(অফিস কর্তৃক পূরণীয়)

# আবেদন ফরম

(প্রার্থী স্বহস্তে পূরণ করুন)

পাসপোর্ট সাইজের ছবি

**পদের নামঃ** ☐তালিকাকারী /গণনাকারী ☐সুপারভাইজার [প্রযোজ্য পদের উপরে টিক (√) চিহ্ন দিন]

০১. প্রার্থীর নাম বাংলায় : ....................................................................................
ইংরেজি (বড় অক্ষরে) : ....................................................................................

০২. পিতার নাম বাংলায় : ....................................................................................
ইংরেজি (বড় অক্ষরে) : ....................................................................................

০৩. মাতার নাম বাংলায় : ....................................................................................
ইংরেজি (বড় অক্ষরে) : ....................................................................................

০৪. বর্তমান ঠিকানা (ইংরেজি বড় অক্ষরে)

প্রযত্নেঃ : ....................................................................................
হোল্ডিং নং : ....................................................................................(যদি থাকে)
গ্রাম : ....................................................................................
মৌজা : ....................................................................................
পোষ্ট অফিস : ....................................................................................
ইউনিয়ন নাম : ....................................................................................
উপজেলা : ....................................................................................
জেলা ....................................................................................

০৫. জাতীয় পরিচয়পত্রের নম্বর (ইংরেজিতে) : ....................................................................................

০৬. জন্ম তারিখ (ইংরেজিতে) : ....................................................; ০৭। বয়স (০১/০২/২০২০ খ্রি. তারিখে):................বছর

০৮. যে ইউনিয়ন ও মৌজায় কাজ করতে আগ্রহী : ইউনিয়ন......................................................মৌজা....................................

০৯. শুমারি/ জরিপ কাজে পূর্ব অভিজ্ঞতার বিবরণ (যদি থাকে) : ....................................................................................

১০. মোবাইল নম্বর (ইংরেজিতে) : ....................................................................................

১১. নিজস্ব স্মার্টফোন আছে কিনা? (বৃত্তায়িত করুন)
হ্যাঁ
না

উত্তর 'হ্যাঁ' হলে, আপনার স্মার্টফোনের-
নাম ও মডেল নং :...............................
Android Verson : ...........................................
স্ক্রীনসাইজ (ইঞ্চি) : ...........................................

১২. শিক্ষাগত যোগ্যতার বিবরণঃ

| পরীক্ষার নাম | বিভাগ/বিষয় | প্রাপ্ত জিপিএ/শ্রেণি/সিজিপিএ | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাদি সম্পূর্ণ সত্য। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব। আমি আরও অঙ্গীকার করছি যে, আবেদনকৃত পদে নির্বাচিত হলে আমার উপর অর্পিত দায়িত্ব নির্দেশনা মোতাবেক নিষ্ঠা ও সততার সাথে যথাযথভাবে পালন করব।

| তারিখঃ | | | | | 2 | 0 | 2 | 0 |
|---|---|---|---|---|---|---|---|---|

প্রার্থীর স্বাক্ষর, পূর্ণ নাম ও তারিখ

সংযুক্তিঃ

ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।

গ) সদ্যতোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (রঙিন)।

ঘ) জাতীয়তা/নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত ফটোকপি।